# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৬০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

بَابُ الذِّكْرِ بَعْدَ الصَّلَاةِ

---

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ لَمْ يَقْعُدْ إِلَّا مِقْدَارَ مَا يَقُولُ: «اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ» . رَوَاهُ مُسلم

## বাংলা

৯৬০-[২] উম্মুল মু’মিনীন ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের সালাম ফিরাবার পর শুধু এ দু’আটি শেষ করার পরিমাণ সময় অপেক্ষা করতেন, ’’আল্ল-হুম্মা আন্তাস সালা-ম, ওয়া মিনকাস্ সালা-ম, তাবা-রকতা ইয়া- যালজালা-লি ওয়াল ইকর-ম’’ (অর্থা- হে আল্লাহ! তুমিই শান্তির আঁধার। তোমার পক্ষ থেকেই শান্তি। তুমি বারাকাতময় হে মহামহিম ও মহা সম্মানিত)। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৯২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَمْ يَقْعُدْ) ‘‘তিনি বসতেন না’’ অর্থাৎ তিনি উল্লেখিত দু‘আ পাঠের অধিক সময় ক্বিবলামুখী হয়ে বসে থাকতেন না। তিনি উক্ত দু‘আ পাঠ শেষ করে ডানদিকে অথবা বামদিকে অথবা মুক্তাদীগণের দিকে ফিরে বসতেন। সিন্দী বলেনঃ হাদীসের প্রকাশমান অর্থ হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের অবস্থায় উক্ত দু‘আ পাঠের অধিক সময় বসে থাকতেন না। দু‘আ পাঠ শেষে তিনি ক্বিবলার দিক হতে ফিরে বসতেন। কেননা হাদীসে বর্ণিত আছে যে, তিনি ফাজরের (ফজরের) সালাতের পর সূর্যোদয় পর্যন্ত বসে থাকতেন। অতএব এ হাদীস দ্বারা এটা প্রমাণিত হয় না যে, সালাত আদায়কারী ব্যক্তি সালামের পর হাদীসে বর্ণিত দু‘আসমূহ পাঠ না করে আগে সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে অতঃপর দু‘আ পড়বে যেমনটি কিছু ‘আলিম

বলে থাকেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন